গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.nlaso.gov.bd

নং-১০.০৭.০০০০.০০১.১১.০০৫.২৩-১০৫

তারিখ ১৪ ফাল্গুন ১৪৩১
২৭ ফেব্রুয়ারি ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের আওতাধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার প্রধান কার্যালয় এবং সংস্থার অধীন সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস ও জেলা লিগ্যাল এইড অফিসসমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://nlaso.teletalk. com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | কর্মস্থল | জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ (এক) টি | সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা। | ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | আইনি পরামর্শ কর্মকর্তা **(চুক্তিভিত্তিক)** | ০৬ (ছয়) টি | সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা। | ৪০,০০০/- (সর্বসাকুল্যে নির্ধারিত) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে এল.এল.বি (সম্মান) বা সমমানের ডিগ্রী থাকতে হবে;<br>(খ) আইনজীবী হিসাবে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হবেন এবং<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার বিষয়ে অন্যূন ৩ (তিন) মাসের প্রশিক্ষণ থাকতে হবে। |
| ০৩ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ (এক) টি | সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, ঢাকা। | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | (ক) যে কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে;<br>(গ) সাঁট লিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দের গতি থাকতে হবে।<br>(ঘ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে;<br>(ঙ) উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপত্র থাকতে হবে। |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ০২ (দুই) টি | সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা। | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে অন্যূন এক বৎসরের ডিপ্লোমা থাকতে হবে।<br>(খ) ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিংএ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই) টি | যে কোনো জেলা লিগ্যাল এইড অফিস | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | (ক) যে কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিংএ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | কর্মস্থল | জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০৬ | বেঞ্চ সহকারী | ০১ (এক) টি | যে কোনো জেলা লিগ্যাল এইড অফিস | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | (ক) যে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিংএ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দের এবং ইংরেজিতে ২৫ শব্দের গতি থাকতে হবে।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ০৭ | জারীকারক | ১১ (এগারো) টি | যে কোনো জেলা লিগ্যাল এইড অফিস | ৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | (ক) যে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>কম্পিউটার টাইপে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৮ | অফিস সহায়ক | ০৫ (পাঁচ) টি | সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা। | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | যে কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) ০১লা মার্চ, ২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। **প্রার্থীকে অবশ্যই জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।** বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি অবশ্যই জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

(ঘ) সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১-৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৭-৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন;

(ঙ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

(চ) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন;

(ছ) শূন্য পদ পূরণে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১০ অনুসরণ করা হবে;

(জ) প্রার্থীদেরকে টেলিটকের মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করা হবে না;

(ঝ) সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেওয়া হলো;

(ঞ) নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

(ট) প্রার্থীকে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সত্য ও সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রার্থীর কোনো অযোগ্যতা ধরা পড়লে বা প্রার্থী কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঠ) **২ নং ক্রমিকে বর্ণিত পদে মাসিক/শিফটিং ভিত্তিতে সাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ীভাবে ৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। কাজের মান সন্তোষজনক হলে চুক্তি নবায়নযোগ্য হবে;**

(ড) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে।

**৩। অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://nlaso.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩/০৩/২০২৫ (সোমবার) সকাল ১০.০০ ঘটিকা।

(খ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬/০৪/২০২৫ (রবিবার) বিকাল ০৫.০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর)

ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

(গ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবি সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(ঘ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবিদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিণ ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নির্ধারিত পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ১-২ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ক্রমিক নং ৩-৬ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নং ৭-৮ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা, তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা [আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন]। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

**প্রথম SMS** : NLASO<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: NLASO ABCDEF

Reply : Applicant's Name, Tk-224 or 112 or 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee, type NLASO<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS** : NLASO<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: NLASO YES xxxxxxxx

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxxxx) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nlaso.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা অথবা জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা www.nlaso.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক (সম্ভব হলে রঙ্গিন) Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে nlaso<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: NLASO HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: NLASO<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222. Example: NLASO HELP PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার ওয়েব পোর্টাল (www.nlaso.gov.bd) এবং http://nlaso.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.nlaso.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdtetalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-Organization Name: NLASO, Post Name.*** Applicatnt's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সত্য ও সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রার্থীর কোনো অযোগ্যতা ধরা পড়লে বা প্রার্থী কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কোনো কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অসদুপায় অবলম্বল করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শীত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:**

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র;

(গ) প্রার্থীর যে ইউনিয়ন/পৌরসভা/সিটিকর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) সংশ্লিষ্ট কোটা দাবির সমর্থনে প্রার্থীকে অবশ্যই সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত অনুলিপি;

(ছ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

৬। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

29/12/2025

(মাসুদা ইয়াসমিন)
উপপরিচালক (প্রশাসন)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
ও
সভাপতি, নিয়োগ/বাছাই কমিটি।